

সুবিধাবঞ্চিত মৎসজীবীদের মাঝে আরও ৪০ টি মাছ ধরার আধুনিক নৌকা বিতরণ



কিশোরগঞ্জের মিঠামইন ও নেত্রকোনার খালিয়াজুরী উপজেলার মোট ১২০ জন মৎসজীবীর মাঝে আরও ৪০ টি আধুনিক ফাইবার গ্লাস বোট বিতরণ করেছে সিজেডএম। একটি নৌকা যৌথভাবে তিনটি পরিবারকে দেওয়া হয়েছে। মাছ ধরার পাশাপাশি যাত্রী পরিবহনেও নৌকাগুলো কাজে লাগানো যাবে। এর আগে প্রতিটি নৌকার জন্য ১০ কেজি করে সুতার জাল বিতরণ করা হয়। এ নিয়ে মোট ৪৫০ টি পরিবারের মধ্যে পর্যায়ক্রমে ১৫০ টি আধুনিক ফাইবার গ্লাস বোট বিতরণ করা হলো।

এর আগে সিজেডএম অষ্টগ্রাম ও ইটনা উপজেলায় ৩০৯ টি পরিবারের মধ্যে ১০৩ টি ইঞ্জিন বোট বিতরণ করে। সুবিধাবঞ্চিত জেলেরা এসব বোট দিয়ে মাছ ধরা এবং পণ্য ও যাত্রী বহন করে তাদের আয় বৃদ্ধিতে সক্ষম হয়েছে।

দারিদ্র বিমোচনের লক্ষ্যে যাকাত তহবিল হস্তান্তর

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট দারিদ্র বিমোচন ও মানব উন্নয়নের লক্ষ্যে জীবিকা উন্নয়ন কেন্দ্র ঢাকা এবং মানিকগঞ্জ প্রকল্পের ১০০০ (এক হাজার) মুস্তাহিকদের (সদস্য) মাঝে ৭৬ লক্ষ ৩০ হাজার টাকার যাকাত তহবিল হস্তান্তর করেছে। সাভারে জীবিকা উন্নয়ন কেন্দ্র ঢাকা'র যাকাত তহবিল হস্তান্তর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রহিম স্টিলের ডিরেক্টর বিশিষ্ট শিল্পপতি মোহাম্মদ ইবরাহীম। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, রহিম স্টিলের এডভাইজার মোহাম্মদ হুমায়ুন কবির, সিজেড-এম-এর হেড অব অপারেশন কাজী আহমদ ফারুক ও ডিজিএম শাহরিয়ার কবীর।



দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত রোগীর পাশে সিজিডএম



মোঃ সাজিদ আহমেদ (১৭ বছর) সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট পরিচালিত দি গ্রানাডা একাডেমি, মানিকগঞ্জ এ দশম শ্রেণীতে অধ্যয়নরত। সাজিদের পরিবার হঠাৎ জানতে পারে যে, সে রেকটাম ক্যান্সারে আক্রান্ত। এই সংবাদে পরিবারটি ভেঙ্গে পড়ে। ক্যান্সারের মতো ব্যয়বহুল রোগের চিকিৎসার সঙ্গতি নেই পরিবারটির। বিষয়টি জানতে পেরে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট সাজিদের পাশে দাঁড়ায়। সিজিডএমের সহায়তায় ক্যান্সারের চিকিৎসা চলছে সাজিদের। তার বর্তমান শারীরিক অবস্থার উন্নতি হওয়ায় বেচেঁে থাকার স্বপ্ন দেখছে সাজিদ। ঢাকার দু'টো বিশেষায়িত হাসপাতালে তার চিকিৎসা চলছে। তার চিকিৎসার জন্য সিজিডএম তিন লক্ষ টাকা ইতোমধ্যে ব্যয় করেছে।

বিধবা ও ইয়াতিম মুস্তাহিকদের সহায়তায় সিজিডএম



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট অসহায় বিধবা ও ইয়াতিম মুস্তাহিক পরিবারদের সহায়তায় এতিম ও বিধবা সহায়তা প্রকল্প শুরু করেছে। এই প্রকল্পে বর্তমানে ১৯ টি জীবিকা উন্নয়ন কেন্দ্রের আওতায় ৮৫টি মুস্তাহিক পরিবারের মোট ১৩৮ জন সদস্যদের জন্য মাসিক ভিত্তিতে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। জীবিকা প্রকল্প ছাড়াও সিজিডএম এর অন্যান্য প্রকল্পের আওতায় সিজিডএম ৫১৯ জন এতিম মুস্তাহিককে বিভিন্নভাবে সহায়তা প্রদান করছে।

শারীরিক প্রতিবন্ধীর সহায়তায় সিজিডএম



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট এর আওতাধীন জীবিকা উন্নয়ন কেন্দ্র নাটেশ্বর (নোয়াখালী) প্রকল্পের সদস্য পারভীন আক্তার এর স্বামী মোঃ বাবুল দীর্ঘ ৩৫ বছর আগে হঠাৎ করে টাইফয়েড জ্বরে আক্রান্ত হয়। আর্থিক অসচ্ছলতার কারণে উন্নত চিকিৎসা নিতে না পারায় তারপর দুই পা বিকলাঙ্গ হয়ে যায়। তার শারীরিক অক্ষমতার কারণে রোজগার করতে না পারায় সে শিক্ষা করে তার সংসার পরিচালনা করতেন। ২০২০ সালে নাটেশ্বর ইউনিয়নে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট জীবিকার কার্যক্রম শুরু করে এবং তার পরিবারকে মুস্তাহিক হিসেবে বাছাই করে। তাকে সিজিডএম ৩০,০০০/= (ত্রিশ হাজার) টাকা তহবিল প্রদান করে। উক্ত টাকা দিয়ে সে তার বাড়ির পাশে একটি চা-দোকান দেয়। কিন্তু সে হাঁটা-চলা করতে না পারায় তাকে সিজিডএম একটি ট্রাই সাইকেল প্রদান করে। সে তার চলার পথের পাথেয় হিসেবে উক্ত ট্রাই সাইকেল পেয়ে খুবই আনন্দিত হয়েছেন।

জন্মগত হাটের জটিল রোগীর চিকিৎসায় হাত বাড়িয়েছে সিজিডএম



জীবিকা উন্নয়ন প্রকল্প শ্যামনগর -২ এর মুস্তাহিক রিজিয়া আকতারের প্রথম সন্তান, মফিজুর রহমান (১ বছর) জন্মগত হাটের জটিল রোগ নিয়ে জন্মগ্রহণ করেছে। বাচ্চাটির বাবা জুলহাস একজন বুদ্ধি প্রতিবন্ধী, দিন মজুরীতে আয় রোজগার তেমন হয় না। সন্তানের ব্যয়বহুল হাটের অপারেশন করা তার জন্য ছিল দুঃস্বপ্ন। হাসপাতালে যোগাযোগ করে সিজিডএম মফিজুর রহমানের হাটের অপারেশনে সহায়তা করেছে। ঢাকার একটি উন্নত বিশেষায়িত হাসপাতালে শিশুটির জটিল অপারেশন সফলভাবে সম্পন্ন হয়েছে।

সাভারে সিজেডএম পরিচালিত স্কুলের শিক্ষার্থীদের সফল সবজি বাগান



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট পরিচালিত গ্রানাডা গার্লস একাডেমি, সাভার এর শিক্ষার্থীরা সম্প্রতি স্কুল সংলগ্ন প্রায় ২৩ শতাংশ জমিতে বিভিন্ন সবজি চাষে সফলতা অর্জন করেছে।

গত কার্তিক, ১৪৩০ মাস (অক্টোবর-নভেম্বর ২০২৩ খ্রি:) থেকে পুষ্টি বাগান কর্মসূচি গ্রহণ করা হয়। এই কর্মসূচির অধীনে শিক্ষার্থীরা তাদের শিক্ষকদের তত্ত্বাবধায়নে কুমড়া, লাউ, ফুলকপি, বাঁধাকপি, টেঁড়স, টমেটো, শসা, আলু, মূলা, ধনিয়া পাতা, পেঁপে ইত্যাদি সবজি উৎপাদন করেছে। সবজির চারা ও বীজ বপন থেকে শুরু করে গাছের পরিচর্যা, আগাছা পরিষ্কার, সার প্রয়োগ ইত্যাদি রক্ষণাবেক্ষণের কাজ শিক্ষার্থীরা নিজেরাই করেছে। পুষ্টি বাগান কর্মসূচি থেকে উৎপাদিত সবজি স্কুলের শিক্ষার্থীদের জন্য বিভিন্ন ধরণের পুষ্টিকর খাবার যেমন সবজি খিচুড়ি ইত্যাদি তৈরিতে ব্যবহৃত হয়েছে।

উল্লেখ্য যে, ২০১৪ সালে সাভারে সিজেডএম কর্তৃক গ্রানাডা গার্লস একাডেমি প্রতিষ্ঠিত হয়। সুবিধাবঞ্চিত শিশুদের মানসম্মত শিক্ষা প্রদানের পাশাপাশি স্কুলে দৈনিক পুষ্টিকর খাবার প্রদান করা হয়। বর্তমানে এই স্কুলে ২৫৪ জন শিক্ষার্থী অধ্যয়নরত।

১১৫২ রোগীকে নিয়মিত ঔষধ সেবা প্রদান করছে সিজেডএম

রাকিবুল ইসলাম (৩০) শারীরিক ও বাক প্রতিবন্ধী। প্রতিবন্ধিতার কারণে রাকিবুল কোনো কাজ করতে পারে না। হাঁপানি ছাড়াও প্রতিবন্ধিতার জন্য নিয়মিত ঔষধ সেবন করতে হয় রাকিবকে। পরিবারের এক মাত্র উপার্জনশীল ব্যক্তি তার বয়স্ক মা মানুষের বাড়িতে কাজ করে সংসার চালান। কিন্তু, সন্তানের নিয়মিত ঔষধ কেনার সামর্থ্য না থাকায় অসহায় হয়ে পড়েছিলেন। সিজেডএম নিয়মিত ভাবে তাকে ঔষধ বিনামূল্যে প্রদান করছে।

রাকিবুল ইসলামের মতো এরকম ১১৫২ রোগীকে সিজেডএম নিয়মিত বিনামূল্যে ঔষধ প্রদান করছে। সিজেডএম আশাবাদী দাতাদের সহায়তায় তাদেরকে আমৃত্যু ঔষধ ও চিকিৎসা সেবা প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে।

শীতাত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ



সমাজের দরিদ্র অসহায় মানুষজন খাদ্য, বস্ত্র ও চিকিৎসা, ইত্যাদি মৌলিক চাহিদা বঞ্চিত হয়ে মানবতের জীবন যাপন করে। এদের অনেকেই শীতের মৌসুমে শীতবস্ত্রের অভাবে কষ্টে দিন কাটায়। তাদের এরূপ কষ্ট নিবারণে সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট প্রতিবছরের মত এ বছরও ৬টি জীবিকা উন্নয়ন কেন্দ্রের (জীবিকা নাজিরহাট, চট্টগ্রাম, নওগাঁর তিলোকপুর-২, কুড়িগ্রামের রাজিবপুর, মোহনগঞ্জ, কোদালকাঠি ও সান্তানপাড়া) ১,৮০৩ জন সুবিধাভোগীর মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে। ডিসেম্বর ২০২৩ এর মধ্যে আরও ৮টি প্রকল্পের ৩,৮৯৮ জন সুবিধাভোগীর মাঝে শীতবস্ত্র বিতরণের পরিকল্পনা রয়েছে। সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট এ পর্যন্ত ৬৫,২৩২ জন সুবিধাভোগীর মাঝে শীতবস্ত্র বিতরণ করতে সক্ষম হয়েছে।



লামায় উপজাতি মুসলিম শিক্ষার্থীদের কুরআন শিক্ষা



বাংলাদেশে বর্তমানে হিফজুল কুরআন শিক্ষা বেশ জনপ্রিয়, ফলে অনেক অভিভাবক তাদের সন্তানদেরকে সেখানে শিক্ষাদানে আগ্রহী। এখানে অনেক অসুচ্ছল ও মেধাবী শিক্ষার্থী রয়েছে যারা শুধু আল-কুরআন মুখস্ত শেষ করে; কিন্তু পরবর্তীতে পর্যাপ্ত সুযোগ-সুবিধা না পাওয়ায় মূলধারার উচ্চ শিক্ষা গ্রহণে আগ্রহী হয়ে উঠে না। তাই বাস্তবতার আলোকে সকল শিক্ষার্থীকে শিক্ষার মূলধারায় সম্পৃক্ত করা এবং চলমান হাফেজি মাদ্রাসায় প্রাথমিক শিক্ষার পাশাপাশি পুষ্টিকর খাদ্য প্রদানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সিজিডএম "হিফজুল কুরআন প্রাথমিক শিক্ষা ও পুষ্টি সহায়তা প্রকল্প" হাতে নিয়েছে এবং এর অংশ হিসেবে উপজাতীয় মুসলিম কল্যাণ সংস্থা (লামা) হিফজ মাদরাসার ৫০ জন শিক্ষার্থীদের সহায়তা প্রদান করছে। আদিবাসী শিক্ষার্থীদের জন্য মানসম্মত কুরআন শিক্ষার সাথে পুষ্টিকর খাদ্য নিশ্চিত করতে সিজিডএম এর পক্ষ থেকে মাসিক বৃত্তি, খাদ্য সহায়তা, টিফিন প্রদান ও একজন হাফেজে কুরআন শিক্ষকসহ মোট ৩ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে।

চীনে উচ্চশিক্ষার জন্য বৃত্তি পেলো চার শিক্ষার্থী

সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট পরিচালিত আর এস এফ গ্রানাডা একাডেমি, বগুড়ার চারজন শিক্ষার্থী (মোঃ সাকিবর হোসেন, মোঃ জান্নাতুল নাঈম, মোঃ আলমগীর হোসেন, আবু মুসা সরকার) চলতি শিক্ষাবর্ষে চীনে উচ্চশিক্ষার জন্য বৃত্তি পেয়েছে। ভিন্ন দেশে তাদের শিক্ষার ব্যয় মওকুফ থাকলেও তাদের বিমান ভাড়া ও নিয়মিত অন্যান্য আনুষঙ্গিক খরচ বহন করার মতো আর্থিক সক্ষমতা তাদের ছিল না। এসব মেধাবী শিক্ষার্থীদের বিদেশে উচ্চশিক্ষার লক্ষ্য পূরণে সিজিডএম সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। মাসিক বৃত্তির মাধ্যমে তাদের শিক্ষা ব্যতীত যাবতীয় আনুষঙ্গিক খরচ সিজিডএম এর পক্ষ থেকে বহন করা হবে। এসব শিক্ষার্থীরা চীনের সিচুয়ান বিশ্ববিদ্যালয়, উহান ইনস্টিটিউট অফ টেকনোলজি এবং তিয়ানজিন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করছে।



সেন্টার ফর যাকাত ম্যানেজমেন্ট

📍 ১১৩/বি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, বাংলাদেশ।

☎ +৮৮০ ২ ২২২২৯৮২৫৫, ০১৭২৯ ২৯৬ ২৯৬

✉ info@czm-bd.org 🌐 fb.com/czm.org 🌐 www.czm-bd.org

Modern Fishing Boats Distributed among Underprivileged Fishermen



CZM has distributed 40 more modern fiberglass boats among 120 fishermen of Mithamain upazila of Kishoreganj and Khaliajuri Upazila of Netrokona District. One boat was jointly given to three families. In addition to fishing, the boats can also be used for transporting passengers and goods. Earlier 10 kg of fishing nets were distributed for each boat. With this, 150 modern fiberglass boats were distributed among 450 families in phases. Earlier, CZM distributed 103 wooden engine boats among 309 families in Austogram and Itna Upazilas of Kishoreganj District. The underprivileged fishermen have been able to increase their income by fishing and carrying goods and passengers with these boats.

Zakat Funds Transferred Aiming at Poverty Alleviation

Center for Zakat Management has distributed Zakat fund of Taka 76 lakh 30 thousand among 1000 (one thousand) Mustahiks of CZM Livelihood Projects at Dhaka and Manikganj, aiming at poverty alleviation and human development.

Mohammad Ibrahim, Director of Rahim Steel was present as the Chief Guest at the fund distribution ceremony. Mohammad Humayun Kabir, Advisor of Rahim Steel, Quazi Ahmad Faruque, Head of Operation of CZM, Shahriar Kabir, DGM of CZM were also present on the program.



Assistance for Cancer Patient



Md. Sajid Ahmed (17 years) has been studying in class X at The Granada Academy, Manikganj operated by Center for Zakat Management. Sajid's family suddenly learned that he has been suffering from rectum cancer. The news shattered the family. The family could not afford to bear the expensive treatment cost of cancer. CZM has stood beside Sajid after learning about the matter. Currently, Sajid has been undergoing cancer treatment at a specialized hospital at Dhaka. Sajid is dreaming of an extended life as his physical condition has improved.

CZM Provided Assistance for Physically Handicapped



Md. Babul, husband of Parvin Akhter, a member of the JUK Nateshwar of CZM, suddenly suffered from typhoid 35 years ago. Due to financial constraints, he could not get better treatment and lost use of both of his legs. Unable to earn due to his physical restraints, he used to manage his family by begging. In 2020, CZM started a livelihood project in the union of Nateshwar. His family was selected as a Mustahik. He received Tk 30,000/- (thirty thousand) from CZM for income generating activities. With that money, he started a tea-shop, but couldn't earn enough due to his disability. Recently, he was provided a tricycle so that he could move easily. Md. Babul has become very happy to get the tricycle and expressed his gratitude to CZM.

Assistance being Provided to Widows and Orphans



Center for Zakat Management has started the Orphan and Widow Assistance Project to help the helpless widows and orphaned Mutahik families. Under the scheme, financial assistance is currently being provided on monthly basis for a total of 138 members of 85 Mustahik families under 19 Livelihood Development Centers.

In addition to the livelihood project, CZM has been providing assistance to 519 orphans in various ways under other projects of CZM.

CZM Provides Treatment for a Congenital Heart Disease Patient



Mofizur Rahman (1 year), the first child of Mustahik Rizia Akhter of Shyamnagar-2 Jeebika Project, was born with congenital heart disease. The child's father, Julhas, is intellectually disabled and does not earn much from daily wages. Having an expensive heart operation for his child was a nightmare for him. CZM provided fund for treatment of Mofizur Rahman in a specialized hospital.

Successful Vegetable Gardening of CZM School Students in Savar



Students of Granada Girls Academy, Savar, operated by the Center for Zakat Management have recently succeeded in cultivating nutritious vegetables on 23 decimal land adjacent to the school. Nutrition gardening program is undertaken from Kartik, 1430 month. Under this program, the students have produced vegetables like pumpkin, gourd, cauliflower, cabbage, okra, tomato, cucumber, potato, radish, amaranth, coriander leaves, papaya etc. under the supervision of their teachers. Starting from sowing vegetable seedlings and seeds, the students themselves have done the maintenance work of plant care, weed cleaning, fertilization etc. The vegetables produced from the Nutrition Garden program have been used to prepare a variety of nutritious dishes such as Khichuri, vegetables etc. for the students of the school.

Granada Girls Academy was established by CZM in Savar in 2016. In addition to providing quality education to the underprivileged children, daily nutritious meals are provided to them too. At present, 226 students are studying in this school.

Regular Medicine Support to Patients Affected by Chronic Diseases

Rakibul Islam (30 years) is physically handicapped and speech impaired. Rakibul cannot do any work due to disability. In addition to asthma, Rakib has to take regular medicines for disability. The only earning person in the family is his elderly mother who runs the family by working as house-maid. She was helpless as they could not afford to buy medicines regularly. Center for Zakat Management has been providing him necessary medicines on regular basis. Some 1152 patients affected by chorionic diseases are being provided medicine support regularly. With the support of the honorable donors, CZM plans to provide the support for lifetime, In-Sha-Allah.

Distribution of Winter Clothes among Cold-affected People



The poor helpless people of the society are deprived of basic needs like food, clothes and healthcare, etc. and lead a miserable life. Many of them spend their days in suffering during the winter season due to lack of winter clothes. Like every year, the Center for Zakat Management has distributed warm clothes among 1803 Mustahiks of five livelihood programs (JUK Nazirhat, Tilokpur-2, Rajibpur, Mohanganj, Kodalkathi and Sontanpara). There are plans to distribute warm clothes among 3898 Mustahiks of 8 more projects by December 2023. CZM has been able to distribute warm clothes among 65232 Mustahiks so far.



Teaching Al-Quran to Indigenous Muslim Students in Lama



Hifzul Quran education is very popular in our country, so many parents are interested in sending their children to Madrasa. Moreover, there are many poor and meritorious students who only memorize the Qur'an. But later on, due to lack of adequate facilities, the Hafz-e-Qur'an students do not become interested in Tafseer/interpretation and mainstream higher education. Therefore, considering the reality, CZM has initiated 'Hifzul Quran Primary Education and Nutrition Assistance Project' to involve all students in the mainstream of education and to create opportunities to provide nutritious food alongside primary education in the ongoing Hafezi Madrasa. As part of that, the Center for Zakat Management (CZM) has been providing assistance to 50 students of Tribal Muslim Welfare Organization (Lama) Hifz Madrasa. In order to ensure nutritious food as well as quality Quran education for the indigenous students, CZM has provided an IPS, appointed a total of 3 teachers, including a Hafez Quran teacher, and has been providing monthly scholarship, food support, and nutritious tiffin, etc.

The people of the tribal-dominated Lama region lack knowledge in various aspects of Islam. In addition to child education, CZM has been giving effort to build the Tribal Muslim Welfare Organization (Lama) Hifz Madrasa as a religious institution with the aim of teaching about the Masala-Masail and religious customs.

Four Students Received Scholarships for Higher Education in China

Four students (Md. Sabbir Hosen, Md. Jannatul Naim, Md. Alomgir Hossain, Abu Musa Sarkar) of CZM-operated RSF Granada Academy, Bogura have received scholarships for higher studies in China. Although their education expenses were waived under the scholarship, they did not have the financial capacity to bear their airfare and other regular expenses. CZM has extended helping hand to these talented students to meet the goals of higher education abroad. All of their ancillary expenses except education will be borne by CZM through monthly scholarship. The students are currently studying at Sichuan University, Wuhan Institute of Technology and Tianjin University.



Center for Zakat Management (CZM)

📍 113/B, Tejgaon Industrial Area, Dhaka-1208, Bangladesh

☎ +880 2 222298255, 01729 296 296

✉ info@czm-bd.org

📘 fb.com/czm.org

🌐 www.czm-bd.org